

## 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৫৯

كتاب الحدود عن رسول الله على المحدود عن رسول الله المحدود عن الم

পরিচ্ছেদঃ কোন মহিলাকে ব্যভিচারে বাধ্য করা হলে।

باب مَا جَاءَ فِي الْمَرْأَةِ إِذَا اسْتُكْرِهَتْ عَلَى الزِّنَا

## আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، حَدَّتَنَا مُعَمَّرُ بْنُ سُلَيْمَانَ الرَّقِّيُّ، عَنِ الْحَجَّاجِ بْنِ أَرْطَاةَ، عَنْ عَبْدِ الْجَبَّارِ بْنِ وَائِلِ بْنِ حُجْرٍ، عَنْ أَبِيهِ، قَالَ اسْتُكْرِهَتِ امْرَأَةٌ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم الْحَدَّ وَأَقَامَهُ عَلَى الَّذِي الله عليه وسلم الْحَدَّ وَأَقَامَهُ عَلَى الَّذِي الله عليه وسلم الْحَدَّ وَأَقَامَهُ عَلَى الَّذِي أَصَابَهَا وَلَمْ يُذْكَرْ أَنَّهُ جَعَلَ لَهَا مَهْرًا . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ وَلَيْسَ إِسْنَادُهُ مَعْتَابَهَا وَلَمْ يُذْكَرْ أَنَّهُ جَعَلَ لَهَا مَهْرًا . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ وَلَيْسَ إِسْنَادُهُ بِمُتَّصِلِ وَقَدْ رُويَ هَذَا الْحَدِيثُ مِنْ غَيْرِ هَذَا الْوَجْهِ . قَالَ سَمِعْتُ مُحَمَّدًا يَقُولُ عَبْدُ الْجَبَّارِ بْنُ وَائِلِ بْنِ حُجْرٍ لَمْ يَسْمَعْ مِنْ أَبِيهِ وَلاَ أَدْرَكَهُ يُقَالُ إِنَّهُ وُلِدَ بَعْدَ مَوْتِ أَبِيهِ بِأَشْهُرٍ الْجَبَّارِ بْنُ وَائِلِ بْنِ حُجْرٍ لَمْ يَسْمَعْ مِنْ أَبِيهِ وَلاَ أَدْرَكَهُ يُقَالُ إِنَّهُ وُلِدَ بَعْدَ مَوْتِ أَبِيهِ بِأَشْهُرٍ . وَائِلِ بْنِ حُجْرٍ لَمْ يَسْمَعْ مِنْ أَبِيهِ وَلاَ أَدْرَكَهُ يُقَالُ إِنَّهُ وُلِدَ بَعْدَ مَوْتِ أَبِيهِ بِأَشْهُرٍ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصِحُابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنْ لَيْسَ عَلَى الْمُسْتَكْرَهَةٍ حَدُّ .

## বাংলা

১৪৫৯। আলী ইবনু হুজর (রহঃ) ... আবদুল জাব্বার ইবনু ওয়াইল ইবনু হুজর, তার পিতা ওয়াইল ইবনু হুজর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে এক মহিলাকে ব্যভিচারে বাধ্য করা হয়েছিল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর 'হদ' রহিত করে দিয়েছিলেন। আর যে পুরুষ তাকে ভোগ করেছির তার উপর হদ প্রয়োগ করেছিলেন। ঐ মহিলার জন্য কোন রূপ 'মহর' নির্ধারণ করেছেন বলে তিনি কিছু উল্লেখ করেননি।

যঈফ, মিশকাত ৩৫৭১, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪৫৩ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীসটি গারীব। এর সনদ মুন্তাসিল নয়। একাধিক সূত্রে হাদীসটি বর্ণিত আছে। মুহাম্মদ আল-বুখারী (রহঃ) কে বলতে শুনেছি যে, আবদুল জাব্বার ইবনু ওয়াইল ইবনু হুজর তাঁর পিতা ওয়াইল রাদিয়াল্লাহু আনহু থেকে কিছু শোনেন নি এবং তাকে দেখেন নি। বলা হয়, পিতার মৃত্যুর মাস কয়েক পরে তার জন্ম হয়। এই হাদীস অনুসারে সাহাবীদের মধ্যে আলিমগণের এবং অন্যান্য আলিমগণের মিল রয়েছে যে, যাকে বাধ্য করা হয়, তার উপর হদ



নেই।

## **English**

Narrated 'Abdul-Jabbar bin Wa'il bin Hujr:

That his father said: "A woman was forced to commit illegal sexual relations during the time of the Messenger of Allah (ﷺ). The Messenger of Allah (ﷺ) did not enforce the legal punishment upon her, but he enforced it upon the one who had done it to her." And the narrator did not mention him assigning a dowry to her.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন